Literacy for a Billion

Movie: Sud Asal
Year: 2001

Song: Kochi Duti Hater Banadhan
Lyricist: G Susmit, G M Anwar

কচি দুটি হাতের বাঁধন
কখনও খুলিস না
এ হাতে যে বাঁধা আছে
সব দেনা পাওনা
কচি দুটি হাতের বাঁধন
কখনও খুলিস না
এ হাতে যে বাঁধা আছে
সব দেনা পাওনা
তুম্পা যে আমার
মুখের হাসি
দুটি চোখের কান্না
বাবা মায়ের ভালবাসা
কখনও ভুলিস না
দুটি প্রাণের
সবুজ দ্বীপের
তুম্পা যে সেতুবন্ধ
দুটি প্রাণের
সবুজ দ্বীপের
তুম্পা যে সেতুবন্ধ
তোকে ছাড়া থেমে যাবে
জীবনের ছন্দ
দুটি মনের আঙিনাতে
তুম্পা যে মধু জোছনা
তুম্পা যে আমার
মুখের হাসি
দুটি চোখের কান্না
বাবা মায়ের ভালবাসা
কখনও ভুলিস না

*Disclaimer: PlanetRead does not own these lyrics and is not using them for any commercial purpose. For over 20 years, PlanetRead has been subtitling Bollywood songs for mass literacy. These lyrics are being offered as part of PlanetRead's literacy development initiative.*

*PlanetRead is a tax-exempt, not-for-profit: 501(c) (3) in the United States and 80(G) in India.*